"ডাক সেবার আধুনিকায়ন
গ্রাম-শহরের সম্মিলন"

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## জেনারেল ম্যানেজার-এর কার্যালয়
ডাক জীবন বীমা, পূর্বাঞ্চল, ঢাকা
pliec.bdpost.gov.bd

স্মারক নং ১৪.৩১.০০০০.৬০৬.১১.০০১.২৪

তারিখ : ৩ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
১৭ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

ডাক জীবন বীমা, পূর্বাঞ্চল, ঢাকার অধীন অফিসসমূহের রাজস্ব খাতভুক্ত শূন্য পদসমূহ অস্থায়ীভাবে পূরণের লক্ষ্যে "বাংলাদেশ পোস্ট অফিস (গেজেটেড ও নন গেজেটেড কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫" এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের "কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯" অনুসরণে নিম্নবর্ণিত পদসমূহে বর্ণিত শর্ত সাপেক্ষে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://pliec.teletalk.com.bd) আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক | পদের নাম ও বেতন স্কেল/গ্রেড (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী) | ছাড়পত্র প্রাপ্ত শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর (স্টেনোটাইপিস্ট) গ্রেড-১৪ (১০,২০০-২৪,৬৮০) | ০৩ (তিন)টি | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; খ) সাঁটলিপিতে ইংরেজিতে ও বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম গতি যথাক্রমে ৮০ ও ৬০ শব্দ এবং কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদি ক্ষেত্রে ইংরেজিতে ও বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম গতি যথাক্রমে ৩০ ও ২৫ শব্দ থাকতে হবে। | ঢাকা, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, গাজীপুর, কিশোরগঞ্জ, নরসিংদী, টাঙ্গাইল, নেত্রকোণা, ময়মনসিংহ, জামালপুর, শেরপুর, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, ফেনী, চাঁদপুর, লক্ষীপুর, নোয়াখালী, সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ, সুনামগঞ্জ জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২. | পিএলআই একাউন্ট্যান্ট গ্রেড-১৪ (১০,২০০-২৪,৬৮০) | ০৪ (চার)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক বা সমমানের ডিগ্রি। | |
| ৩. | পিএলআই একাউনট্যান্ট (ফিল্ড) গ্রেড-১৫ (৯,৭০০-২৩,৪৯০) | ০৫ (পাঁচ)টি | যে কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৪. | ড্রাইভার (হালকা) গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০) | ০৩ (তিন)টি | ক) যে কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং খ) হালকা গাড়ি চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা গাড়ি চালনার ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ৫. | কম্পিউটার মুদ্রাক্ষরিক (টাইপিস্ট) গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০) | ০১ (এক)টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদি ক্ষেত্রে ইংরেজিতে ও বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম গতি যথাক্রমে ২০ ও ২০ শব্দ থাকতে হবে। | |
| ৬. | একাউন্ট এ্যাসিসটেন্ট ইন (পিএলআই) গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০) | ০৭ (সাত)টি | যে কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৭. | অফিস সহায়ক (এমএলএসএস) গ্রেড-২০ (৮,২৫০-২০,০১০) | ০৫ (পাঁচ)টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | |
| ৮. | পরিচ্ছন্নতা কর্মী (সুইপার) গ্রেড-২০ (৮,২৫০-২০,০১০) | ০১ (এক)টি | (ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) মোট পদের ৮০% জাত হরিজনদের জন্য বরাদ্দ থাকবে এবং জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে সেই সকল পদ সাধারণ প্রার্থীদের দ্বারা পূরণ করা হবে। | |
| ৯. | নিরাপত্তা প্রহরী গ্রেড-২০ (৮,২৫০-২০,০১০) | ০১ (এক)টি | ক) যে কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরিক্ষায় উত্তীর্ণ; এবং খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। | |
| | মোট = | ৩০ (ত্রিশ)টি | | |

১. **বিশেষ নির্দেশনা**

১.১. নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদসমূহে নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ আইন, বিধি ও নীতি অনুসরণ করা হবে।

১.২. যে কোন কারণে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা পরিবর্তিত হতে পারে।

১.৩. প্রার্থী কর্তৃক যে-কোন তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণ হলে বা প্রয়োজনীয় তথ্য গোপন করা হলে বা কোন অযোগ্যতা ধরা পড়লে অথবা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে অথবা মিথ্যা/ভিন্ন/ভুল তথ্য দিয়ে একাধিকবার ফরম পূরণ করে একাধিক প্রবেশপত্র গ্রহণ করলে অথবা পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে অথবা পরীক্ষার কেন্দ্রে দুর্ব্যবহার করলে পরীক্ষার পূর্বে বা পরে, এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বা নিয়োগ বাতিল করাসহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১.৪. সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কোন প্রার্থী কোন বিদেশি নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।

১.৫. ক) প্রজাতন্ত্রের কর্মে অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীনে চাকুরিরত প্রার্থীদের মধ্যে যোগ্য এবং নির্ধারিত বয়সের প্রার্থীরা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমতিপ্রাপ্ত হলে নিয়োগের জন্য নির্ধারিত প্রতিযোগিতামূলক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

খ) প্রজাতন্ত্রের কর্মে অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীন চাকুরি হতে অপসারিত হয়েছেন বা চাকুরি হতে ইস্তফা দিয়েছেন এমন প্রার্থীরাও পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। তবে এই ক্ষেত্রে প্রার্থীকে চাকুরি হতে অপসারণ আদেশের কপি বা ইস্তফাপত্র গৃহীত হয়েছে মর্মে নিয়োগকারী কর্তৃপক্ষের আদেশনামা দাখিল করতে হবে।

গ) কোন প্রার্থী ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দণ্ডিত হলে কিংবা প্রজাতন্ত্রের কর্মে অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীনে চাকুরি হতে বরখাস্ত হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।

১.৬. প্রার্থী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/বীরাঙ্গনার পুত্র-কন্যা হলে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের প্রমাণক দাখিল করতে হবে।

১.৭. প্রতিবন্ধী প্রার্থীদেরকে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপ-পরিচালক/সমমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদপত্র দাখিল করতে হবে।

১.৮. প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অন্তর্ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

১.৯. প্রার্থী তৃতীয় লিঙ্গের হলে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

১.১০. প্রার্থীকে মৌখিক পরীক্ষার বোর্ডে সকল শিক্ষাগত যোগ্যতা, সকল অভিজ্ঞতা, কোটা বা অন্য কোন সুবিধা দাবির ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রসমূহের মূল কপি (যেমন শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, প্রযোজ্য ক্ষেত্রে বয়স প্রমাণের সনদপত্র, অভিজ্ঞতা/অন্যান্য যোগ্যতার সনদপত্র, স্থায়ী ঠিকানার সনদপত্র, কোটা সুবিধার ক্ষেত্রে প্রযোজ্য সনদপত্র ইত্যাদি) প্রদর্শন করতে হবে এবং সনদপত্রসমূহের এক সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

১.১১. নিয়োগের লক্ষ্যে অনুষ্ঠেয় পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রার্থীকে টিএ/ডিএ প্রদান করা হবে না।

১.১২. সকল প্রার্থীর আবেদন অনলাইনে প্রসেস করা হবে। অন্য কোনভাবে বা অন্য মাধ্যমে দাখিলকৃত আবেদন বাতিল বলে বিবেচিত হবে।

২. **বয়সসীমা**

২.১ ১৮ নভেম্বর ২০২৪ এ প্রকাশিত অধ্যাদেশ নং-১১ অনুযায়ী সকল প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। এক্ষেত্রে ০১.০৩.২০২৫ তারিখে প্রার্থীর বয়স ন্যূনতম ১৮-৩২ বছর এর মধ্যে হতে হবে।

২.২ প্রার্থীর বয়স কম বা বেশি হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। বয়স প্রমাণের জন্য প্রযোজ্য ক্ষেত্রে এসএসসি বা সমমানের পরীক্ষার মূল/সাময়িক সনদে অথবা ১৭-ডিজিটের ডিজিটাল জন্মনিবন্ধন/জাতীয় পরিচয়পত্র (NID) সনদপত্রে প্রদত্ত জন্ম তারিখ বয়স গণনার ভিত্তি হিসেবে বিবেচিত হবে।

৩. **নাগরিকত্ব**

৩.১ প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং স্থায়ী বাসিন্দা হতে হবে। নাগরিকত্ব প্রমাণের জন্য জাতীয় পরিচয়পত্র (NID) বা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন-এর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

৩.২ প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা যদি ইতোপূর্বে কোন সার্টিফিকেট বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় সেক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার পক্ষে জাতীয় পরিচয়পত্র (NID) বা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন-এর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

৪. **পরীক্ষা গ্রহণের পদ্ধতি:**

মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর, দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফশিল-২,৩,৪ ও ৫ এ বর্ণিত বিধিমালা অনুযায়ী ও বাংলাদেশ পোস্ট অফিস (গেজেটেড ও নন গেজেটেড কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫ অনুসরণে এবং প্রযোজ্য ক্ষেত্রে নিয়োগ কমিটি কর্তৃক নির্ধারিত পদ্ধতি অনুযায়ী।

৫. **সংরক্ষণ**

৫.১ নিয়োগ পরীক্ষা ও নিবন্ধন সংক্রান্ত যে-কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৫.২ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে-কোন সময় নিয়োগ পরীক্ষা বাতিল/স্থগিত/প্রত্যাহার করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৬. **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি, শর্তাবলি ও পরীক্ষার ফি জমাদানের সময়**

৬.১ পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://pliec.teletalk.com.bd-এর ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জামাদানের সময় নিম্নরূপ-

(i) আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ১৯-০৩-২০২৫ খ্রিষ্টাব্দ সকাল ১০:০০ ঘটিকা।

(ii) আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ০৮-০৪-২০২৫ খ্রিষ্টাব্দ রাত ১১:৫৯ ঘটিকা।

(iii) আবেদনপত্র জমাদানের শেষ তারিখ অর্থাৎ ০৮-০৪-২০২৫ খ্রিষ্টাব্দ-এর মধ্যে শুধুমাত্র User ID প্রাপ্ত আবেদনকারীগণ পরবর্তী ৭২ ঘন্টা পর্যন্ত SMS-এর মাধ্যমে বিজ্ঞপ্তিতে বর্ণিত নির্ধারিত পদ্ধতি অনুসরণ করে পরীক্ষার ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

(iv) শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে হাতে পর্যাপ্ত সময় নিয়ে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে প্রার্থীগণকে পরামর্শ প্রদান করা হচ্ছে।

৬.২ অনলাইন আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ পিক্সেল x প্রস্থ ৩০০ পিক্সেল) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ পিক্সেল x প্রস্থ ৮০ পিক্সেল) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ কিলোবাইট ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ কিলোবাইট হতে হবে।

৬.৩ অনলাইন আবেদনে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু অনলাইন আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

৬.৪ প্রার্থী অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে-কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার দিন এক কপি জমা দিবেন।

৬.৫ SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা/ঘষা মাজা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (ওয়েবে) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID দেয়া থাকবে যা ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে-কোন Teletalk Pre-paid Mobile নম্বর ব্যবহার করে ০২ (দুই)টি পৃথক SMS এর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ১-৬নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২.০০ টাকাসহ সর্বমোট ১১২/- (একশত বারো) টাকা এবং ৭-৯নং ক্রমিকের জন্য ৫০/- টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬.০০ টাকাসহ সর্বমোট মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা এবং সকল গ্রেডের অনগ্রসর নাগরিক (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/শারীরিক প্রতিবন্ধী/তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) আবেদন ফি বাবদ ৫০/- টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬.০০ টাকাসহ সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "অনলাইন আবেদনপত্রের সকল অংশ পূরণ করে সঠিকভাবে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত কোন অবস্থাতেই অনলাইন আবেদনপত্র গৃহীত হবে না"।

৬.৬ ফি জমা দেয়ার পদ্ধতি:

(i) প্রথম SMS : PLIEC<Space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: PLIEC ABCDE and send to 16222

Reply: Applicant's Name, Tk 112/56 will be charged as Application fee. Your PIN is 12345678. To pay fee, Type PLIEC<Space>Yes<Space>PIN and send to 16222.

(ii) দ্বিতীয় SMS: PLIEC<Space>Yes<Space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: PLIEC YES 12345678 and send to 16222

Reply: Congratulations Applicant's Name. Payment completed successfully for PLIEC Application for (Post Name), User ID is (ABCDEF) and Password (******)

৬.৭ প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://pliec.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। অনলাইন আবেদনে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সবসময় সচল রাখতে হবে এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করতে হবে। পরীক্ষা সংক্রান্ত তথ্য পাওয়ার জন্য মোবাইল নম্বর সক্রিয় না রাখার কারণে কোন তথ্য বা SMS পেতে ব্যর্থ হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৬.৮ SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময়, স্থান/কেন্দ্রের নাম সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট (সম্ভব হলে রঙ্গিন) করে সংরক্ষণ করবেন এবং লিখিত পরীক্ষার হলে কেন্দ্র পরিদর্শকের নিকট প্রদর্শন করবেন। মৌখিক পরীক্ষার সময়ও প্রার্থী তার প্রবেশপত্রটি আবশ্যিকভাব সঙ্গে করে নিয়ে আসবেন।

৬.৯ কোন কারণে প্রার্থী তার User ID ও PIN নম্বরটি হারিয়ে ফেললে শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID ও PIN পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে:

PLIEC<Space>Help<Space>User<Space>User ID and send to 16222.

Example: PLIEC Help User ABCDEF and send to 16222

(ii) PIN নম্বর জানা থাকলে:

PLIEC<Space>Help<Space>PIN<Space>PIN Number and send to 16222.

Example: PLIEC Help PIN 12345678 and send to 16222

৬.১০ অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক মোবাইল হতে ১২১ এ কল করুন অথবা alljobs.quary@teletalk.com.bd বা atia.sultana@bdpost.gov.bd ই-মেইলে; এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর subject-এ Organization Name: PLIEC, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

৬.১১ ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭. **পরীক্ষা সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্যাবলি :**

ক) নিয়োগ পরীক্ষার উত্তরপত্র একটি গোপনীয় দলিল। এটি কোন প্রার্থী বা তার প্রতিনিধিকে কোনভাবেই প্রদর্শন করা হবে না এবং উক্ত পরীক্ষার নম্বর কোন প্রার্থী বা তার প্রতিনিধিকে প্রদর্শন বা প্রদান করা হবে না।

খ) পরীক্ষার উত্তরপত্র পুনঃনিরীক্ষণ বা পুনঃপরীক্ষণের সুযোগ থাকবে না;

গ) পরীক্ষার প্রশ্নপত্র উত্তরপত্রের সাথে জমা দিয়ে দিতে হবে।

৮. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও http://pliec.teletalk.com.bd এছাড়া QR Code স্ক্যান-এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে-কোন সংশোধন, সংযোজন ইত্যাদি (যদি থাকে), পরীক্ষার তারিখ, সময়, স্থান অথবা প্রার্থীগণের জন্য প্রয়োজনীয় অন্যান্য তথ্য ডাক জীবন বীমা, পূর্বাঞ্চল, ঢাকা এর ওয়েবসাইট https://pliec.bdpost.gov.bd/ এবং ডাক অধিদপ্তর, ঢাকা এর ওয়েবসাইট www.bdpost.gov.bd এ পাওয়া যাবে। প্রার্থীগণকে নিয়োগ সংক্রান্ত বিষয়ে আপডেটেড থাকার জন্য উল্লিখিত ওয়েবসাইটগুলোতে নিয়মিতভাবে দৃষ্টি রাখতে পরামর্শ প্রদান করা যাচ্ছে।

৯. উপরে উল্লেখ করা হয়নি এরূপ কোন বিষয়ের উদ্ভব হলে সেক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১০. নিয়োগের ক্ষেত্রে যে কোন প্রকার সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। চাকরি প্রাপ্তির আশ্বাসে প্রলোভিত হয়ে কোন ব্যক্তি/দালাল/প্রতারক চক্রের সাথে আর্থিক লেনদেন করা হতে বিরত থাকার পরামর্শ দেয়া যাচ্ছে।

১১. প্রার্থীগণকে শেষ তারিখের জন্য অপেক্ষা না করে পর্যাপ্ত সময় নিয়ে সতর্কতার সাথে নিজে অনলাইনে যথাযথভাবে আবেদনপত্র পূরণ এবং নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ফি জমাদানসহ সকল প্রক্রিয়া সম্পন্ন করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

ডাক জীবন বীমা, পূর্বাঞ্চল, ঢাকা এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

ডাক জীবন বীমা, পূর্বাঞ্চল, ঢাকা এর টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code

17.03.25

(আতিয়া সুলতানা)
ডেপুটি জেনারেল ম্যানেজার
ডাক জীবন বীমা, পূর্বাঞ্চল, ঢাকা
ও
সদস্য-সচিব, নিয়োগ কমিটি

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেনারেল ম্যানেজারের কার্যালয়, ডাক জীবন বীমা, পশ্চিমাঞ্চল, রংপুর-৫৪০০
https://pliwc.bdpost.gov.bd

ডাক সেবার আধুনিকায়ন
গ্রাম-শহরের সম্মিলন

নথি নং-১৪.৩১.৮৫০০.৪১৪.১৬.০০১.২৪

তারিখ ঃ ১৯ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ (০৬ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ)

# নিয়োগ বিজ্ঞপ্তি

ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং ১৪.০০.০০০০.০০৭.১৮.০০১.১৪.৫৫; তারিখ: ১৬ মে, ২০২৪ খ্রিস্টাব্দ অনুসরণে ডাক অধিদপ্তর, ঢাকা এর স্মারক নং ১৪.৩১.০০০০.০২৯.১১.০০১.২৪.৫৮; তারিখ: ১৯ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ এর মাধ্যমে প্রাপ্ত ছাড়পত্র অনুযায়ী নিম্নবর্ণিত পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে বিধি মোতাবেক জনবল নিয়োগের নিমিত্তে নিম্নোক্ত শর্তসাপেক্ষে জেনারেল ম্যানেজারের কার্যালয়, ডাক জীবন বীমা, পশ্চিমাঞ্চল, রংপুর এর অধিভুক্ত রংপুর, রাজশাহী, খুলনা, বরিশাল বিভাগ ও ঢাকা বিভাগের বৃহত্তর ফরিদপুর (ফরিদপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, মাদারীপুর ও শরিয়তপুর) জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে শুধুমাত্র অনলাইনে (http://pliwc.teletalk.com.bd) আবেদন আহবান করা যাচ্ছে।

| ক্রম. | পদের নাম | বেতন গ্রেড ও স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা এবং অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর (স্টেনোটাইপিস্ট) | গ্রেড-১৪ (১০,২০০-২৪,৬৮০) | ০৫ (পাঁচ) টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) সাঁটলিপিতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজিতে ৭০ শব্দ ও বাংলায় ৪৫ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজিতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ থাকতে হবে। |
| ০২ | পিএলআই একাউন্ট্যান্ট | গ্রেড-১৪ (১০,২০০-২৪,৬৮০) | ০৮ (আট) টি | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ০৩ | পিএলআই একাউন্ট্যান্ট (ফিল্ড) | গ্রেড-১৫ (৯,৭০০-২৩,৪৯০) | ০৭ (সাত) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৪ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০) | ০৩ (তিন) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজিতে ২০ শব্দ ও বাংলায় ২০ শব্দ থাকতে হবে। |
| ০৫ | একাউন্ট এ্যাসিসটেন্ট ইন পিএলআই | গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০) | ২৩ (তেইশ) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৬ | ড্রাইভার (হালকা) | গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০) | ০১ (এক) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) হালকা/ভারী গাড়ি চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা/ভারী গাড়ি চালনায় ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৭ | অফিস সহায়ক (এমএলএসএস) | গ্রেড-২০ (৮,২৫০-২০,০১০) | ০৬ (ছয়) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৮ | নিরাপত্তা প্রহরী | গ্রেড-২০ (৮,২৫০-২০,০১০) | ০২ (দুই) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |
| ০৯ | পরিচ্ছন্নতাকর্মী (সুইপার) | গ্রেড-২০ (৮,২৫০-২০,০১০) | ০১ (এক) টি | (ক) অষ্টম শ্রেণী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) মোট পদের শতকরা ৮০% জাত হরিজনদের জন্য বরাদ্দ থাকবে এবং জাত হরিজন প্রার্থী না পাওয়া গেলে সাধারণ প্রার্থীদের দ্বারা পূরণ করা যাবে। |
| | | মোট= | ৫৬ (ছাপ্পান্ন)টি | |

**আবেদনের সাধারণ শর্তাবলী:**

০১। জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত শূন্য পদসমূহ পূরণের ক্ষেত্রে "বাংলাদেশ পোস্ট অফিস (গেজেটেড ও ননগেজেটেড কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫" এবং "মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর ও দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯" এর নির্দেশনা অনুসরণ করা হবে।

০২। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত সংশোধিত বা নতুন প্রণীত বিধি-বিধান অনুসরণ করা হবে।

০৩। সকল পদে নিয়োগের ক্ষেত্রের আবেদনকারীর বয়স ০১/০২/২০২৫ খ্রিস্টাব্দ তারিখে অবশ্যই সর্বনিম্ন ১৮ হতে সর্বোচ্চ ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৪। আবেদনকারী প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক এবং রংপুর, রাজশাহী, খুলনা, বরিশাল বিভাগ ও ঢাকা বিভাগের বৃহত্তর ফরিদপুর (ফরিদপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, মাদারীপুর ও শরিয়তপুর) জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। যদি কোন ব্যক্তি এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন বা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নন, তবে তিনি এ নিয়োগের ক্ষেত্রে যোগ্য প্রার্থী হিসেবে বিবেচিত হবেন না।

০৫। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/বীরাঙ্গনার পুত্র-কন্যা হলে যথাযথ কর্তৃপক্ষের সনদ পত্রের প্রমাণক সংযুক্ত করতে হবে।

০৬। প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/সমপদমর্যাদা সম্পন্ন/দায়িত্ব প্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ এবং তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৭। প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৮। কোনো প্রার্থী বিদেশ হতে তার অর্জিত কোন ডিগ্রিকে উল্লিখিত পদসমূহের পার্শ্বে বর্ণিত কোন শিক্ষাগত যোগ্যতার সমমানের বলে দাবি করলে তাকে সে মর্মে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৯। অনলাইন-এ পূরণকৃত আবেদনে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় প্রার্থীতা দাবি না করলে পরবর্তীতে নতুন করে কোনো কোটার প্রার্থীতা দাবি গ্রহণযোগ্য হবে না।

১০। প্রার্থীর যোগ্যতা যাচাই: প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে উল্লেখিত ন্যূনতম শর্তের সাথে গরমিল/অসামঞ্জস্যতা পাওয়া গেলে/ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থীতা পরীক্ষা চলাকালীন অথবা পরবর্তীতে যে কোনো সময়ে প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১১। সরকারি, আধা সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকুরীরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র/অনুমতিপত্রের মূলকপি মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

১২। লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিম্নলিখিত সনদপত্র/কাগজপত্রের মূলকপি প্রদর্শনসহ ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে।

(ক) সাম্প্রতিক সময়ে তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি-০২ (দুই) কপি।

(খ) প্রার্থীর আবেদনে উল্লেখিত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অতিরিক্ত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রসহ)।

(গ) জাতীয় পরিচয়পত্র।

(ঘ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রার্থীর স্থায়ী ঠিকানা উল্লেখসহ নাগরিকত্ব সনদপত্র।

(ঙ) ডাউনলোডকৃত প্রবেশপত্র (ADMIT CARD) ও আবেদনপত্রের (APPLICANT'S COPY) রঙিন প্রিন্ট কপি।

(চ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটার প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(ছ) সরকারি, আধা-সরকারি ও স্বায়িত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদপত্র।

১৩। প্রার্থীগণকে অনলাইনে আবেদনপত্র পূরণ করতে হবে। অনলাইন আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://pliwc.teletalk.com.bd এই ওয়েবসাইটে প্রবেশ করে নির্ধারিত আবেদন ফরম পূরণ ও দাখিল করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online এ আবেদন ফরম পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ২৭-০২-২০২৫ খ্রিস্টাব্দ ও সময়
সকাল ১০:০০ ঘটিকা এবং শেষ তারিখ ২৫-০৩-২০২৫ খ্রিস্টাব্দ ও সময় বিকাল ০৫:০০ ঘটিকা পর্যন্ত।

(ii) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে নির্ধারিত পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থীর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB এবং স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) যেহেতু Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থীকে শতভাগ নিশ্চিত হতে হবে।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online এ আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদন submit করার পর কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র submit সম্পন্ন করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয়। তাই আবেদন ফি জমাদানের পূর্বে অবশ্যই Applicant's Copy তে সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর নিশ্চিত হয়ে PDF Copy ডাউনলোড পূর্বক রঙিন প্রিন্ট সম্পন্ন করে সংরক্ষণ করবেন। Applicant's কপি তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্মোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Prepaid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদসমূহের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (এক শত) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ বাবদ ১২/- (বার) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২/- (এক শত বার) টাকা এবং সকল গ্রেডে অনগ্রসর নাগরিক (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) এর জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ ৬/-টাকা সহ (অফেরতযোগ্য) মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online- এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS: PLIWC<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: PLIWC ABCDEF & send to 16222
Reply: Applicant's Name, TK-112 will be charged as application fee. Your PIN is 12345678.
To pay fee Type PLIWC<space>Yes<space>PIN and send to 16222
দ্বিতীয় SMS: PLIWC<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: PLIWC Yes 12345678 & send to 16222.
Reply: Congratulations! Applicant's Name, Payment completed successfully for PLIWC Application for (post name) User ID is (ABCDEF) and password (XXXXXX).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://pliwc.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থীকে প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে।

(জ) শুধুমাত্র টেলিটক প্রিপেইড মোবাইল নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ User ID এবং password পুনরুদ্ধার করতে পারবেন।
1. User ID জানা থাকলেঃ
**PLIWC<space>Help<space>User<space>User ID** & send to 16222.
Example: PLIWC Help User ABCDEF & send to 16222.
2. PIN Number জানা থাকলেঃ
**PLIWC<space>Help<space>PIN<space>PIN No. & send to 16222.**
Example: PLIWC Help PIN 12345678 & send to 16222.

(ঝ) পত্রিকা ছাড়াও জেনারেল ম্যানেজারের কার্যালয়, ডাক জীবন বীমা, পশ্চিমাঞ্চল, রংপুর - এর ওয়েবসাইট http://pliwc.teletalk.com.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

(ঞ) নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য https://pliwc.bdpost.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ট) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে all.query@teletalk.com.bd ই-মেইলে অথবা ১২১ নম্বরে যোগাযোগ করা যাবে। ই-মেইল এর সাবজেক্ট এ Organization Name: PLIWC, Post Name:…………… Applicant's User ID Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

(ঠ) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যেকোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে। যেকোনো ধরণের তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

১৪। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ডাক জীবন বীমা, পশ্চিমাঞ্চল,
রংপুর এর
ওয়েবসাইটে প্রবেশ এর
QR Code

ডাক জীবন বীমা, পশ্চিমাঞ্চল,
রংপুর এর টেলিটক পোর্টালের
QR Code

(ইসরাত জাহান নূর)
ডেপুটি পোস্টমাস্টার জেনারেল
রংপুর বিভাগ, রংপুর
ও
সদস্য সচিব
নিয়োগ ও বাছাই কমিটি
ডাক জীবন বীমা, পশ্চিমাঞ্চল, রংপুর।

CG-14655 (16x8)

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## জেনারেল ম্যানেজার-এর কার্যালয়

ডাক জীবন বীমা, পূর্বাঞ্চল, ঢাকা

pliec.bdpost.gov.bd

"ডাক সেবার আধুনিকায়ন<br>গ্রাম-শহরের সম্মিলন"

স্মারক নং: ১৪.৩১.০০০০.৬০৬.১১.০০১.২৪

তারিখ : ৩ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ / ১৭ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

ডাক জীবন বীমা, পূর্বাঞ্চল, ঢাকার অধীন অফিসসমূহের রাজস্ব খাতভুক্ত শূন্য পদসমূহ অস্থায়ীভাবে পূরণের লক্ষ্যে "বাংলাদেশ পোস্ট অফিস (গেজেটেড ও নন গেজেটেড কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫" এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের "কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯" অনুসরণে নিম্নবর্ণিত পদসমূহে বর্ণিত শর্ত সাপেক্ষে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://pliec.teletalk.com.bd) আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক | পদের নাম ও বেতন স্কেল/গ্রেড (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী) | ছাড়পত্র প্রাপ্ত শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর (স্টেনোটাইপিস্ট)<br>গ্রেড-১৪<br>(১০,২০০-২৪,৬৮০) | ০৩ (তিন)টি | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) সাঁটলিপিতে ইংরেজিতে ও বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম গতি যথাক্রমে ৮০ ও ৬০ শব্দ এবং কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদি ক্ষেত্রে ইংরেজিতে ও বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম গতি যথাক্রমে ৩০ ও ২৫ শব্দ থাকতে হবে। | ঢাকা, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, গাজীপুর, কিশোরগঞ্জ, নরসিংদী, টাঙ্গাইল, নেত্রকোণা, ময়মনসিংহ, জামালপুর, শেরপুর, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, ফেনী, চাঁদপুর, লক্ষীপুর, নোয়াখালী, সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ, সুনামগঞ্জ জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২. | পিএলআই একাউন্ট্যান্ট<br>গ্রেড-১৪<br>(১০,২০০-২৪,৬৮০) | ০৪ (চার)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক বা সমমানের ডিগ্রি। | |
| ৩. | পিএলআই একাউনট্যান্ট (ফিল্ড)<br>গ্রেড-১৫<br>(৯,৭০০-২৩,৪৯০) | ০৫ (পাঁচ)টি | যে কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৪. | ড্রাইভার (হালকা)<br>গ্রেড-১৬<br>(৯,৩০০-২২,৪৯০) | ০৩ (তিন)টি | ক) যে কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ) হালকা গাড়ি চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা গাড়ি চালনার ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ৫. | কম্পিউটার মুদ্রাক্ষরিক (টাইপিস্ট)<br>গ্রেড-১৬<br>(৯,৩০০-২২,৪৯০) | ০১ (এক)টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদি ক্ষেত্রে ইংরেজিতে ও বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম গতি যথাক্রমে ২০ ও ২০ শব্দ থাকতে হবে। | |
| ৬. | একাউন্ট এ্যাসিসটেন্ট ইন (পিএলআই)<br>গ্রেড-১৬<br>(৯,৩০০-২২,৪৯০) | ০৭ (সাত)টি | যে কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৭. | অফিস সহায়ক (এমএলএসএস)<br>গ্রেড-২০<br>(৮,২৫০-২০,০১০) | ০৫ (পাঁচ)টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | |
| ৮. | পরিচ্ছন্নতা কর্মী (সুইপার)<br>গ্রেড-২০<br>(৮,২৫০-২০,০১০) | ০১ (এক)টি | (ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) মোট পদের ৮০% জাত হরিজনদের জন্য বরাদ্দ থাকবে এবং জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে সেই সকল পদ সাধারণ প্রার্থীদের দ্বারা পূরণ করা হবে। | |
| ৯. | নিরাপত্তা প্রহরী<br>গ্রেড-২০<br>(৮,২৫০-২০,০১০) | ০১ (এক)টি | ক) যে কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরিক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। | |
| | মোট = | ৩০ (ত্রিশ)টি | | |

১. **বিশেষ নির্দেশনা**

১.১. নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদসমূহে নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ আইন, বিধি ও নীতি অনুসরণ করা হবে।

১.২. যে কোন কারণে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা পরিবর্তিত হতে পারে।

১.৩. প্রার্থী কর্তৃক যে-কোন তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণ হলে বা প্রয়োজনীয় তথ্য গোপন করা হলে বা কোন অযোগ্যতা ধরা পড়লে অথবা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে অথবা মিথ্যা/ভিন্ন/ভুল তথ্য দিয়ে একাধিকবার ফরম পূরণ করে একাধিক প্রবেশপত্র গ্রহণ করলে অথবা পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে অথবা পরীক্ষার কেন্দ্রে দুর্ব্যবহার করলে পরীক্ষার পূর্বে বা পরে, এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বা নিয়োগ বাতিল করাসহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১.৪. সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কোন প্রার্থী কোন বিদেশি নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।

১.৫. ক) প্রজাতন্ত্রের কর্মে অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীনে চাকুরিরত প্রার্থীদের মধ্যে যোগ্য এবং নির্ধারিত বয়সের প্রার্থীরা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমতিপ্রাপ্ত হলে নিয়োগের জন্য নির্ধারিত প্রতিযোগিতামূলক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

খ) প্রজাতন্ত্রের কর্মে অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীন চাকুরি হতে অপসারিত হয়েছেন বা চাকুরি হতে ইস্তফা দিয়েছেন এমন প্রার্থীরাও পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। তবে এই ক্ষেত্রে প্রার্থীকে চাকুরি হতে অপসারণ আদেশের কপি বা ইস্তফাপত্র গৃহীত হয়েছে মর্মে নিয়োগকারী কর্তৃপক্ষের আদেশনামা দাখিল করতে হবে।

গ) কোন প্রার্থী ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দণ্ডিত হলে কিংবা প্রজাতন্ত্রের কর্মে অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীনে চাকুরি হতে বরখাস্ত হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।

১.৬. প্রার্থী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/বীরাঙ্গনার পুত্র-কন্যা হলে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের প্রমাণক দাখিল করতে হবে।

১.৭. প্রতিবন্ধী প্রার্থীদেরকে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপ-পরিচালক/সমমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদপত্র দাখিল করতে হবে।

১.৮. প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অন্তর্ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

১.৯. প্রার্থী তৃতীয় লিঙ্গের হলে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

১.১০. প্রার্থীকে মৌখিক পরীক্ষার বোর্ডে সকল শিক্ষাগত যোগ্যতা, সকল অভিজ্ঞতা, কোটা বা অন্য কোন সুবিধা দাবির ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রসমূহের মূল কপি (যেমন শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, প্রযোজ্য ক্ষেত্রে বয়স প্রমাণের সনদপত্র, অভিজ্ঞতা/অন্যান্য যোগ্যতার সনদপত্র, স্থায়ী ঠিকানার সনদপত্র, কোটা সুবিধার ক্ষেত্রে প্রযোজ্য সনদপত্র ইত্যাদি) প্রদর্শন করতে হবে এবং সনদপত্রসমূহের এক সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

১.১১. নিয়োগের লক্ষ্যে অনুষ্ঠেয় পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রার্থীকে টিএ/ডিএ প্রদান করা হবে না।

১.১২. সকল প্রার্থীর আবেদন অনলাইনে প্রসেস করা হবে। অন্য কোনভাবে বা অন্য মাধ্যমে দাখিলকৃত আবেদন বাতিল বলে বিবেচিত হবে।

২. **বয়সসীমা**

২.১ ১৮ নভেম্বর ২০২৪ এ প্রকাশিত অধ্যাদেশ নং-১১ অনুযায়ী সকল প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। এক্ষেত্রে ০১.০৩.২০২৫ তারিখে প্রার্থীর বয়স ন্যূনতম ১৮-৩২ বছর এর মধ্যে হতে হবে।

২.২ প্রার্থীর বয়স কম বা বেশি হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। বয়স প্রমাণের জন্য প্রযোজ্য ক্ষেত্রে এসএসসি বা সমমানের পরীক্ষার মূল/সাময়িক সনদে অথবা ১৭-ডিজিটের ডিজিটাল জন্মনিবন্ধন/জাতীয় পরিচয়পত্র (NID) সনদপত্রে প্রদত্ত জন্ম তারিখ বয়স গণনার ভিত্তি হিসেবে বিবেচিত হবে।

৩. **নাগরিকত্ব**

৩.১ প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং স্থায়ী বাসিন্দা হতে হবে। নাগরিকত্ব প্রমাণের জন্য জাতীয় পরিচয়পত্র (NID) বা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন-এর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

